

**ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (এএসিএস)-এর ধারা 35A –এর অধীনে বিশেষ নিয়ন্ত্রণবিধি- দ্য সিকিপি কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, মুম্বই, মহারাষ্ট্র**

দ্য সিকিপি কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, মুম্বই, মহারাষ্ট্র-কে এপ্রিল 30, 2014 তারিখাঙ্কিত দ্রষ্টব্য আদেশবিধি UBD.CO.BSD-I. No.D-34/12.22.035/2013-14-এর মাধ্যমে মে 2, 2014 তারিখ কাজের শেষ থেকে বিশেষ নিয়ন্ত্রণবিধির অধীনে আনা হয়েছিল। বিশেষ নিয়ন্ত্রণবিধির বৈধতার মেয়াদ সময়ে সময়ে জারিকৃত পরবর্তী দ্রষ্টব্য আদেশবিধিগুলি অনুসারে বৃদ্ধি করা হয়েছে, যার মধ্যে শেষটি হল জানুয়ারি 27, 2017 তারিখাঙ্কিত আদেশবিধি DCBR.CO.AID.No.D-27/12.22.035/2016-17 এবং যা জুলাই 31, 2017 পর্যন্ত পর্যালোচনার সাপেক্ষে বৈধ ছিল।

2. জনসাধারণের জ্ঞাতার্থে এতদ্বারা ঘোষণা করা হচ্ছে যে, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 –এর ধারা 35A –র উপধারা (1) তৎসহ পঠিত ধারা 56-এর অধীনে ন্যস্ত ক্ষমতাবলে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এতদ্বারা আদেশ দেয় যে প্রাগুক্ত ব্যাঙ্কের প্রতি জারিকৃত উক্ত এপ্রিল 30, 2014 তারিখাঙ্কিত আদেশবিধি UBD.CO.BSD.I. No. D-34/12.22.035/2013-14 যা সময়ে সময়ে পরিমার্জিত হয়েছে, যার বৈধতার মেয়াদ শেষবার জুলাই 31, 2017 পর্যন্ত বর্ধিত করা হয়েছিল সেটি দ্রষ্টব্য জুলাই 26, 2017 তারিখাঙ্কিত আদেশবিধি DCBR.CO.AID.No.D-04/12.22.035/2017-18-এর মাধ্যমে পর্যালোচনার সাপেক্ষে ব্যাঙ্কটির প্রতি অগস্ট 01, 2017 থেকে নভেম্বর 30, 2017 পর্যন্ত আরও চার মাস মেয়াদের জন্য অব্যাহতরূপে কার্যকরী থাকবে।

3. উক্ত মেয়াদবর্ধনের উল্লেখসহ জুলাই 26, 2017 তারিখাঙ্কিত আদেশবিধির একটি প্রতিলিপি জনগণের দর্শনার্থে আনার জন্য ব্যাঙ্ক চত্বরে প্রদর্শিত আছে।

4. ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক উপরোক্ত মেয়াদবর্ধন এবং/ অথবা পরিমার্জনের অর্থ এই নয় যে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক প্রাগুক্ত ব্যাঙ্কটির আর্থিক অবস্থার বাস্তবিক উন্নতি সম্পর্কে সন্তুষ্ট।

**অজিত প্রসাদ**  
সহায়ক উপদেষ্টা